

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২১, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হানীয় সরকার, পাল্টী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
হানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
প্রজাপন

তারিখ, ১৮ মার্চ ২০০২/৪ ছেত্র ১৪০৮

এস, আর, ও নং ৫৩-আইন/২০০২/পৌর-২/ক্লস-২/২০০১—Paurashava Ordinance, 1977 (Ord. No. XXVI of 1977) এর section 146 উক্ত Ordinance এর THIRD SCHEDULE এর serial no. 22 এর স�িত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল,
যথা :—

- ১। **সংক্ষিপ্ত শিরোনাম** — এই বিধিমালা পৌরসভা, (পরিদর্শন) বিধিমালা, ২০০২ নামে অভিহিত হইবে।
- ২। **সংজ্ঞা** — বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—
 - (ক) “ক শ্রেণীর পৌরসভা, খ শ্রেণীর পৌরসভা ও গ শ্রেণীর পৌরসভা” অর্থ পৌরসভার কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২ এর বিধি ৩ অনুযায়ী শ্রেণীবিন্যাসকৃত “ক শ্রেণীর পৌরসভা, খ শ্রেণীর পৌরসভা ও গ শ্রেণীর পৌরসভা”;
 - (খ) ‘পরিদর্শনকারী কর্মকর্তা’ অর্থ—
 - (অ) হানীয় সরকার বিভাগের কোন কর্মকর্তা;
 - (আ) বিভাগীয় কমিশনার বা তাঁর অধীনস্থ অতিরিক্ত কমিশনার বা জেলা প্রশাসক বা তাঁহাদের নিকট হইতে ক্ষমতাও কোন ব্যক্তি;

(১০৩৯)
মূল্য : টাকা ২.০০

- (ই) উপ-পরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি) ;
- (ফ) পরিদর্শনের দায়িত্ব পালনের জন্য সরকার কর্তৃক নিযুক্ত যে কোন কর্মকর্তা, কর্মকর্তাবন্দ বা কর্মকর্তাগণের সময়ে গঠিত টীম।

৩। পৌরসভা পরিদর্শন- বিধি (২) এর দফা (খ) এর—

- (ক) উপ-দফা (অ) এ উল্লিখিত পরিদর্শনকারী কর্মকর্তা যে কোন সময়ে যে কোন পৌরসভা পরিদর্শন করিতে পারিবেন ;
- (খ) উপ-দফা (আ) এ উল্লিখিত পরিদর্শনকারী কর্মকর্তা তাঁহার স্থানীয় অধিক্ষেত্রের মধ্যে অবস্থিত যে কোন পৌরসভা যে কোন সময় পরিদর্শন করিতে পারিবেন ;
- (গ) উপ-দফা (ই) এ উল্লিখিত পরিদর্শনকারী কর্মকর্তা তাঁহার স্থানীয় অধিক্ষেত্রের মধ্যে অবস্থিত “ক” শ্রেণীর পৌরসভাসমূহ প্রতি পঞ্জিকা বৎসরে অন্ত্যন্ত দুইবার পরিদর্শন করিবেন এবং তিনি অন্যান্য পৌরসভাও পরিদর্শন করিতে পারিবেন ;
- (ঘ) উপ-দফা (ঙ) এ উল্লিখিত পরিদর্শনকারী কর্মকর্তা সংশ্লিষ্ট জেলার “খ” এবং “গ” শ্রেণীর পৌরসভা প্রতি তিনি মাসে অন্ত্যন্ত একবার পরিদর্শন করিবেন।

৪। পরিদর্শনকারী কর্মকর্তার ক্ষমতা ও কার্যাবলী ।—(১) পরিদর্শনের সময় পরিদর্শনকারী কর্মকর্তা নিম্নবর্ণিত বিষয়াবলী পরীক্ষা করিবেন, যথা :— ‘

- (ক) সংশ্লিষ্ট পৌরসভার সকল বহি, রেজিস্টার, সভার কার্যাবরণী ও রেকর্ড পত্র ;
 - (খ) পৌরসভার নগদ তহবিল ;
 - (গ) পৌরসভার তহবিল যাচাইয়ের জন্য ব্যাংকে জমার স্লিপ ও ব্যাংক ব্যালান্স যাচাইয়ের জন্য ব্যাংকের হাল নাগাদ বিবরণী (Bank Statement) ;
 - (ঘ) পৌরসভার আয়-ব্যয় সংশ্লিষ্ট তাঁহার বিবেচনায় পরীক্ষা করা প্রয়োজন এইরূপ যে কোন নথিপত্র ;
 - (ঙ) পৌরসভার কার্যাবলী Paurashava Ordinance, 1977 (Ord. No. XXVI of 1977) ও উহার অধীন প্রণীত বিধিমালা এবং সরকার কর্তৃক প্রদত্ত অন্যান্য আদেশ, নির্দেশ ও পরিপত্র অনুসারে সম্পাদিত হইতেছে কি না ;
 - (চ) পৌরসভার সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরী বৃত্তান্ত ;
 - (ছ) বিধি বহির্ভূতভাবে কোন কর্মচারী নিয়োগ করা হইয়াছে কি না;
 - (জ) পৌরসভার সকল স্থাবর সম্পত্তি ;
 - (ঝ) পৌরসভা কর্তৃক বাস্তবায়িত অথবা বাস্তবায়নাধীন সকল প্রকার কাজ।
- (২) পরিদর্শনকারী কর্মকর্তা পরিদর্শনকালে দৃষ্ট ব্যত্যয়সমূহ অবিলম্বে সরকারের গোচরে আনিবেন এবং যথাযথ সুপারিশ প্রদান করিবেন।

৫। পরিদর্শন প্রতিবেদন ।—(১) পরিদর্শনকারী কর্মকর্তা তাহার পরিদর্শনের সম্ভাব্য তারিখ পর্বেই লিখিতভাবে সংশ্লিষ্ট পৌরসভাকে অবহিত করিবেন।

(২) পরিদর্শনকারী কর্মকর্তা পরিদর্শনের পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে পরিদর্শন প্রতিবেদন প্রস্তুত করিবেন এবং তাহার সুস্পষ্ট মন্তব্য লিপিবদ্ধ করিয়া অন্তিবিলম্বে প্রতিটি পরিদর্শন প্রতিবেদনের কপি সরকার ও সংশ্লিষ্ট পৌরসভার চেয়ারম্যান বা জেলা প্রশাসকের নিকট প্রেরণ করিবেন।

(৩) উপ-বিধি (১) এর অধীন প্রগতি প্রতিবেদন প্রেরণ ছাড়াও বিধি-২ এর দফা (খ) এর উপ-দফা (ঙ) এ উল্লিখিত পরিদর্শনকারী কর্মকর্তা তাহার পরিদর্শন প্রতিবেদনের একটি কপি সংশ্লিষ্ট বিভাগের উপ-পরিচালক, স্থানীয় সরকার এবং জেলা প্রশাসকের নিকট প্রেরণ করিবেন।

৬। পৌরসভার নথিপত্র, ইত্যাদি উপহাপন ।—পরিদর্শনকারী কর্মকর্তার পরিদর্শন কাজে সকল প্রকার সহায়তা করা পৌরসভার কর্তব্য হইবে এবং এতদউদ্দেশ্যে পৌরসভার চেয়ারম্যান অথবা চেয়ারম্যানের দায়িত্ব পালনকারী ব্যক্তি তাহার অধীনস্থ যে কোন বা সকল কর্মকর্তা ও কর্মচারীকে তদ্রূপ আদেশ দান করিবেন।

৭। সরকারের ক্ষমতা ।—এই বিধিমালায় কোন বিষয়ে সংশয় দেখা দিলে সরকার উহার ব্যাখ্যা প্রদান করিতে পারিবে এবং সে ক্ষেত্রে সরকারের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৮। রাহিতকরণ ।—Municipal Committee (Inspection) Rules, 1962 এতদ্বারা রাহিত করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে
এ, ওয়াই, বি, আই সিদ্ধিকী
সচিব।